Sukanta Ghosh
28/11/19

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**3rd Term Test 2019**

**Sub: Bengali** **Class: 9** **F. M. 75**

**Model Answer**

## ক – বিভাগ

১. **সঠিক উত্তরটি নির্বাচন কর:** ১×১৫=১৫

১.১ " দিনটা ভারি বিশ্রী " – কোন গল্পের অন্তর্গত ?

ক. নিরুদ্দেশ

১.২ রাধারাণীর বয়স কত ?

খ. দশ-এগারো বছর

১.৩ " দেখিতে না পায় কেহ অঙ্গ আপনার " – কেন ?

গ. মেঘের অন্ধকার

১.৪ " সকাল হইতে সন্ধ্যা করে আনাগোনা" – কোথায় আনাগোনা করা হয় ?

ক. নদী তীরের দুই গ্রামে

১.৫ " সঙ্গে সঙ্গে আরো একজনকে মনে পড়িতেছে " –কাকে ?

ঘ. হিরুকে

১.৬. " আমি একবার যাবো নরেশ " – কথাটি কার ?

ক. হেডমাস্টারের

১.৭ শঙ্কু কোথা থেকে ম্যাট্রিক পাশ করেছিলেন ?

খ. গিরিডির স্কুল

১.৮ পাখি পড়ানো যন্ত্রের নাম কী ?

ক. অরনিথন

১.৯ মানুষ , গরু - কোন ধরনের বিশেষ্য ?

গ. জাতিবাচক

১.১০ দুর্বল শরীর – বাক্যটিতে কোন ধরণের বিশেষণ রয়েছে ?

ক. বিশেষ্যের বিশেষণ

১.১১ যে পদের কনো পরিবর্তন হয় না তাকে কোন পদ বলে ?

ঘ. অব্যয়

১.১২ নবম শ্রেণি – এখানে 'নবম' কোন ধরনের বিশেষণ ?

খ. পূরণবাচক বিশেষণ

১.১৩ কোনো কাজ এইমাত্র শেষ হয়েছে তার ফল এখন বর্তমান – তাকে বলে

গ. পুরাঘটিত বর্তমান

১.১৪ যে প্রত্যয় ধাতুর সঙ্গে যুক্ত হয় তাকে বলে –

ক. কৃৎ প্রত্যয়

১.১৫ বিশেষ্য বা বিশেষণের সঙ্গে 'আ' প্রত্যয় যোগ করলে হবে -

ঘ. নাম ধাতু

**২. নীচের প্রশ্নগুলির উত্তর দাও:(প্রতিটি কমবেশি ১৫টি শব্দে)** ১×১৫=১৫

২.১ " মেঘে কইল অন্ধকার " – কোন দেশে ?

- কলিঙ্গ দেশে।

২.২ চন্দ্রনাথের দাদার নাম কী ?

- চন্দ্রনাথের দাদার নাম নিশানাথ।

২.৩ " তুমি থাম। অত আদর ভাল নয় "- কে , কাকে এ কথা বলেছেন ?

- বাড়িথেকে বেড়িএর যাওয়া ছেলেটির মা , ছেলেটির বাবাকে।

২.৪ " সুতরাং আর আহার চলে না " – কাদের কেন আহার চলে না ?

রাধারাণীদের আহার চলে না কারন মামলা মোকদ্দমায় তাদের আর্থিক অবস্থা অত্যন্ত খারাপ হয়েছে।

২.৫ " পোড়ারমুখো কাপুড়ে মিনসে " - কাপুড়ে মিনসে কে ?

- পদ্মলোচন

২.৬ " শোভনকে একটা কাজ করতে হবে। " – কী কাজ ?

আপন মায়ের কাছে তার ছেলের ভূমিকায় অভিনয় করতে হবে।

২.৭ " তা তোর জীবিকা বেশ পবিত্র বলতে হয় দেখছি। " – কার কোন জীবিকার কথা বলা হয়েছে ?

- ধীবরের মাছ ধরার জীবিকার কথা বলা হয়েছে।

২.৮ " আমার এই জঙ্গলে একট কাজ আছে " – কী কাজ ?

-স্বর্ণপর্ণীর গাছ খুঁজে বার করার কাজ।

২.৯ ঘটমান ভবিষ্যতের একটি উদাহরণ দাও।

- আমি গান গাইতে থাকব।

২.১০ নিত্যবৃত্ত অতীত কাকে বলে ?

- অতীতে প্রত্যহ কোনো ঘটনা ঘটতো এই ভাব বোঝাতে যে অতীতের প্রয়োগ হয় তাকে নিত্যবৃত্ত অতীত বলে।

২.১১ বর্তমান অনুজ্ঞার একটি উদাহরণ দাও।

-তুমি এই কাজটা কর।

২.১২ সমধাতুজ কর্ম বলতে কী বোঝ ?

-কর্ম ও ক্রিয়া একই ধাতু থেকে উৎপন্ন হলে তাকে সমধাতুজ কর্ম বলে।

২.১৩ সকলে তাহার কথা অনুমোদন করল – চিহ্নিত পদটি কোন ধরনের সর্বনাম ?

-সাকল্যবাচক সর্বনাম।

২.১৪ কেহ , কেউ - পদগুলি কোন ধরনের সর্বনাম ?

-অনির্দেশক সর্বনাম

২.১৫ সংখ্যা বিশেষণ কাকে বলে ?

- সংখ্যা যখন বিশেষণ রূপে ব্যবহৃত হহ তাকে সংখ্যা বিশেষণ কাকে বলে।

## খ– বিভাগ

৩. **যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও: ( প্রতিটি কমবেশি ৬০টি শব্দে )** ৩×২=৬

৩.১ " ইউনিভার্সিটি এগজামিনের রেজাল্ট তৈরী করছি। " – কার উক্তি ? সে ইউনিভার্সিটি এগজামিনের রেজাল্ট সম্পর্কে কী অনুমান করেছিল ? ১+২

- চন্দ্রনাথের।

- চন্দ্রনাথ নিজের রেজাল্টের মাপকাঠিতে বাকি সকলের রেজাল্টের যে অনুমান করছিল তা বলতে হবে।

৩.২ " কিন্তু আর আহারের সংস্থান রহিল না "- কাদের কথা বলা হয়েছে ? তাদের আহারের সংস্থান কীভাবে বন্ধ হয়েছিল ? ১+২

- রাধারাণি ও তার মায়ের কথা বলা হয়েছে।

- জ্ঞাতিদের শত্রুতা ও মোকদ্দমার কথা বলা হয়েছে।

৩.৩ " গাজনের বাজনা বাজা। "- কোন কবিতার অংশ ? গাজন কী ?

-' ভাঙার গান'।

- শিবের উৎসব- একথা বলে কখন কীভাবে তা পালন করা হয় তা বলতে হবে।

৪. **যেকোনো ১ টি প্রশ্নের উত্তর দাও:** ১×৪=৪

৪.১ ভাব সম্প্রসারণ করো : ( কমবেশি ১৫০ শব্দে )

এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।

- পৃথিবীর বাতাবরণ সুস্থ ও সুন্দর রাখা দরকার। হিংসা , দ্বেষ , স্বার্থপরতা শূন্য পৃথিবী গঠন করতে হলে আজকের পৃথিবীর মানুষকে আত্ম ত্যাগ করতে হবে। এই ভা নিয়ে আলোচনা করতে হবে।

৪.২ সারাংশ লেখ :

মানুষ অতি দুর্বল , সবল শত্রুর নিকট আত্মরক্ষার জন্য সে আর একটি কৌশল আশ্রয় করিয়াছে। মানুষ দল বাঁধিয়া বাস করে , সেই দলের নাম সমাজ। দল বাঁধিয়া থকিতে হইলে স্বাধীনতাকে ও স্বাতন্ত্রকে সংযত করিতে হয় , নতুবা দল ভাঙিয়া যায়। যে পাশব প্রবৃত্তি সমাজকে তুচ্ছ করিয়া মানুষকে কেবল আত্মরক্ষার দিকে প্রেরিত করে , দেশের কল্যানার্থে মানুষ সেই পাশব প্রবৃত্তির সংযমে বাধ্য হয়। সহজাত সংস্কারের অভাবে অতীতের অভিজ্ঞতায় ভর করিতে হয়। এই জন্য যে বুদ্ধি আবশ্যক , তাহার নাম ধর্মবুদ্ধি। ইহা বিশিষ্ট রূপে মানবধর্ম। ইহা সমাজ রক্ষার অনুকুল। ইহা লোকস্থিতির সহায়।

- দেশের প্রয়োজনে মানুষকে অনেককিছু ত্যাগ করতে হয়। অতীতের অভিজ্ঞতা , ধর্মবুদ্ধির উপর নির্ভর করে মানবধর্মপালন করা মানুষের কর্তব্য।

## গ – বিভাগ

৫. **যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও: ( প্রতিটি কমবেশি ১৫০ শব্দে )** ৫×৫=২৫

৫.১ চন্দ্রনাথ কেমন ভাবে অন্যায়ের প্রতিবাদ করেছিল তার বর্ননা দাও।

- প্রথম পুরষ্কার প্রত্যাখ্যান ও দাদার থেকে পৃথক হয়ে যাবার ঘটনা বলতে হবে।

৫.২ " তাহারা দরিদ্র কিন্তু লোভী নহে। " – গল্প অবলম্বনে এই উক্তির সত্যতা বিচার কর।

- রাধারাণীরা দরিদ্র কিন্তু একজন সাহায্যকারী আসলেও লোভ করেনি সে কথার বর্ণনা দিতে হবে।

৫.৩ কলিঙ্গ দেশে ঝড়-বৃষ্টির বর্ননা দিয়ে প্রজাদের দুরাবস্থার কথা লেখ।

- মেঘের অন্ধকার , ধুলার বর্ণনা , বৃষ্টির বর্ণনা , ঘর ও শশ্যক্ষেত্রের , পথ ঘাটের বর্ণনা দিতে হবে।

৫.৪ ' ভাঙার গান ' কবিতায় কবির বক্তব্য বিষয়কে বুঝিয়ে দাও।

- দেশের স্বাধীনতা আনতে হলে কীভাবে আন্দোলন করতে হবে তার বর্ণনা দিতে হবে।

৫.৫ " ঘটনাক্রমে সেই আংটি পেল এক ধীবর। " – ধীবরের কাছে আংটিটি কীভাবে পৌঁছেছিল তার বর্ণনা দাও।

- মহারাজ দুষ্মন্তের শকুন্তলাকে আংটি প্রদান থেকে শুরু করে ধীবরের কাছে আংটি পৌছানোর ঘটনার বর্ণনা দিতে হবে।

৫.৬ প্রফেসার শঙ্কু কীভাবে স্বর্ণপর্ণী খুঁজে বের করেছিলেন তার বিবরণ দাও।

- পিতার কাছে স্বর্ণপর্ণী সম্পর্কে জানা থেকে শুরু করে কসৌলি অভিযানের সম্পূর্ণ বিবরণ দিতে হবে।

৫.৭ " তিলু , বাবা তিলু ! এসে দেখে যাও। " – কার উক্তি ? বক্তার উত্তেজনার পেছনে যে ঘটনাটি ছিল তা লিপিবদ্ধ কর।

- জয়ন্তীমাসীমার।

তার স্বামীর সুস্থ হয়ে ওঠার ঘটনা লিপিবদ্ধ করতে হবে।

৯. **প্রবন্ধ রচনা কর :( কমবেশি ৪০০ শব্দে )** ১×১০=১০

৯.১ আধুনিক জীবনে বিজ্ঞান

- বিজ্ঞানের বিভিন্ন দিক সম্পর্কে আলাদা আলাদা অনুচ্ছেদ করে আলোচনা করতে হবে।

৯.২ ছাত্র জীবনে খেলাধুলার ভূমিকা

- খেলা ধূলার গুরুত্ব সম্পর্কে আলাদা আলাদা অনুচ্ছেদ করে আলোচনা করতে হবে।